



# দৈনিক বাংলা

দৈনিক বাংলা, ১৩-০৭-২০২৪, পৃ. ০৮

## ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় এবং দক্ষিণ কোরিয়ার ‘ডায়জায়ন’ এর মধ্যে সমরোতা

### কাম্পাস ডেক্স

ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার  
সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগ  
এবং দক্ষিণ কোরিয়ার ডায়জায়ন  
(DAEJAYON) নামক আন্তর্জাতিক  
সংস্থার মধ্যে একটি সমরোতা স্মারক  
(MoU) স্বাক্ষরিত হয়েছে। ডায়জায়ন  
কোরিয়ার পরিবেশ মন্ত্রণালয়ে নিবন্ধিত  
এবং আন্তর্জাতিক প্রকৃতি সংরক্ষণ

ইউনিয়ন (IUCN)-এর সদস্য। গত ৯  
জুলাই রাজধানীর আফতাবনগরে অবস্থিত  
ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে  
দুই পক্ষের মধ্যে এই সমরোতা স্মারক  
স্বাক্ষরিত হয়।

এই সমরোতার ফলে ইষ্ট ওয়েস্ট  
বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ এবং পানির মতো  
সম্পদগুলো সাক্ষায়, সংরক্ষণ, পুনরায়  
ব্যবহার উপযোগী করার ব্যাপারে  
সহযোগ করবে কোরিয়ান সংস্থা।

পাশাপাশি ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের  
কাম্পাসকে আরও পরিবেশবান্ধব এবং  
টেকসই করার জন্য কি ধরনের উদ্যোগ  
নিতে হবে সেসব খুঁজে বের করবে।  
আগামী দুই বছরে ডায়জায়ন ইষ্ট ওয়েস্ট  
বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অঙ্গীকৃত হতে  
এই কাজগুলো করবে।

সমরোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে  
ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য  
অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক এবং  
ডায়জায়নের ভাইস প্রেসিডেন্ট জায়েগুন  
কিম নিজ নিজ প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব  
করেন। এ সময় কম্পিউটার সায়েন্স ও  
ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন এবং  
সহযোগী অধ্যাপক ড. মাহিন ইসলামসহ  
শিক্ষকবৃন্দ এবং ডায়জায়নের অন্য  
প্রতিনিধিত্ব উপস্থিত ছিলেন।

## দৈনিক বাংলা

